

## উপজেলা মাল্টিমিডিয়া ক্লাসরুম বিষয়ক কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ	মোহাম্মদ আবুল কালাম উপজেলা নির্বাহী অফিসার মহেশখালী।
সভার স্থানঃ	উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষ মহেশখালী, কক্সবাজার।
সভার তারিখঃ	১৬/০৭/২০১৮ খ্রিস্টাব্দ, বেলা - ১২ টা।

### সভায় উপস্থিতি পরিশিষ্ট “ক” তে সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি পূর্ববর্তী সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।


সভাপতি জনান, মাল্টিমিডিয়া ক্লাসরুমে পাঠদানের মাধ্যমে শিক্ষার্থীদের আধুনিক শিক্ষায় ও তথ্য প্রযুক্তি নির্ভর শিক্ষায় মনোযোগী করে পাঠদান অব্যাহত রাখতে হবে। সকল শিক্ষকদের মাল্টিমিডিয়া ক্লাস রুমের মাধ্যমে পাঠদান এবং এমএমসিতে নিয়মিত আপলোড করা বাধ্যতামূলক করা হয়েছে। এ ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসারের ভূমিকা ও দায়িত্ব অপরিসীম। উপজেরা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসারগণ প্রয়োজনীয় মনিটরিং ও তদারকির মাধ্যমে এমএমসি শতভাগ নিশ্চিত করতে সচেষ্ট হবেন। সভায় উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, উপজেলায় মাদরাসা এবং কলেজসহ মোট ৯১ টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন, প্রাথমিক পর্যায়ের ৯১ টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৩১ টি মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহার করা হচ্ছে। সভাপতি বলেন, সংশ্লিষ্টদের তদারকির মাধ্যমে এমএমসি শতভাগ আপলোড দেয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম (এমএমসি) আপডেট শতভাগ নিশ্চিত করার বিষয়টি উপজেলা শিক্ষা অফিসার ও উপজেরা মাধ্যমিক শিক্ষা অফিসারদের নিশ্চিত করতে হবে। সভাপতি আরো বলেন যে সকল বিদ্যালয়ে বিদ্যুৎ ও ইন্টারনেট সমস্যা রয়েছে সে সকল প্রতিষ্ঠান সভাপতি ও প্রধানগণ বিকল্প বিদ্যুতের মাধ্যমে মাল্টিমিডিয়া ক্লাসরুম ব্যবহার নিশ্চিত করবেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

### সিদ্ধান্তসমূহ :

- ১। এমএমসি নিয়মিত আপলোড করণের তথ্য অফিস সহকারী জনাব মংচেনওয়ান রাখাইন নিয়মিতভাবে সভায় উপস্থাপন করবেন।
- ২। সকল শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুমের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

- ৩। উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার এমএমসি রেজিস্ট্রেশনকৃত বিদ্যালয়সমূহের মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম এ ওয়েবসাইটে [http:// mmcm.gov.bd](http://mmcm.gov.bd) আপলোডের বিষয়টি নিশ্চিত করবেন।
- ৪। মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেম নিয়মিত আপলোড করার বিষয়টি তদারকির লক্ষ্যে গঠিত কমিটি গৃহীত কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করবেন।
- ৫। যে সকল শিক্ষা প্রতিষ্ঠান মাল্টিমিডিয়া প্রজেক্টর থাকা সত্ত্বেও মাল্টিমিডিয়া ক্লাস রুম ব্যবহার করেন না উপজেলা শিক্ষা অফিসার ও মাধ্যমিক শিক্ষা অফিসার সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ আবুল কালাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং- ০৫.২০.২২৪৯.০০০.০৩.০০৯.২০১৮.৪৯১

তাং : ১৬/০৭/২০১৮ খ্রি:

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থেঃ**

- ১। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), কক্সবাজার।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার/মাধ্যমিক শিক্ষা অফিসার, মহেশখালী।
- ৪। অফিস কপি।